

Noted  
5/5

প্রধান নির্বাচন কমিশনারের কার্যালয়  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট নির্বাচন-২০২৩

নোটিশ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী বিনোদন, ক্রীড়া, সাংস্কৃতিক, ধর্মীয় ও কল্যাণ ট্রাস্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট) এর গঠনতন্ত্রের বিধি ২১ অনুসারে কার্যকরী পরিষদের সদস্য নির্বাচনের জন্য নির্বাচন কমিশন কর্তৃক এতদ্বারা নিম্নবর্ণিত সময় সূচী ঘোষণা করা হল :-

ক.	মনোনয়ন পত্র সংগ্রহের তারিখ	১০.১২.২০২৩খ্রিঃ
খ.	মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	১৪.১২.২০২৩খ্রিঃ
গ.	মনোনয়ন পত্র বাছাইয়ের তারিখ	১৭.১২.২০২৩খ্রিঃ
ঘ.	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	১৯.১২.২০২৩খ্রিঃ
ঙ.	প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ	১৯.১২.২০২৩খ্রিঃ
চ.	প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের প্রতীক (মার্ক) বরাদ্দের তারিখ	২১.১২.২০২৩খ্রিঃ
ছ.	ভোট গ্রহণের তারিখ	২৮.১২.২০২৩খ্রিঃ

মনোনয়ন পত্র সংগ্রহ, জমাদান, বাছাই, প্রত্যাহার ও প্রতীক (মার্ক) বরাদ্দ সংক্রান্তে অনুরণীয় নিয়মাবলী সমূহ :-

- ০১। একজন সদস্য/সদস্যা শুধুমাত্র একটি পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।
- ০২। একটি খসড়া ভোটার তালিকা ২৩.১১.২০২৩খ্রিঃ তারিখ অপরাহ্নে সুপ্রীম কোর্টের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে। ঐ ভোটার তালিকায় কোন আপত্তি থাকলে তা আগামী ২৮.১১.২০২৩খ্রিঃ নির্বাচন কমিশনে দাখিল করতে হবে। আপত্তি ও দাবি নিষ্পত্তি করে আগামী ০৪.১২.২০২৩খ্রিঃ তারিখে চূড়ান্ত ভোটার তালিকা সুপ্রীম কোর্টের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে।
- ০৩। নির্বাচনে অংশ গ্রহণ করতে ইচ্ছুক কল্যাণ ট্রাস্টের সদস্য/সদস্যগণকে নির্বাচন কমিশনের নির্ধারিত ফরম (নমিনেশন পেপার) আগামী ১০.১২.২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ে প্রধান নির্বাচন কমিশনার জনাব মোঃ মোয়াজ্জেম হোসাইন, স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ এর নিকট হতে নির্ধারিত পদ অনুযায়ী মূল্য (অফেরত যোগ্য) প্রদান পূর্বক সংগ্রহ করতে পারবেন।

নির্ধারিত আবেদন পত্রের (নমিনেশন পেপার) মূল্য নিম্নরূপ :-

ক্রমিক নং	পদের নাম	ধার্যকৃত মূল্য
১.	সাধারণ সম্পাদক	১২,০০০/-
২.	যুগ্ম-সম্পাদক	১০,০০০/-
৩.	দপ্তর সম্পাদক	৮,০০০/-
৪.	কল্যাণ সম্পাদক	৮,০০০/-
৫.	ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক	৮,০০০/-
৬.	মহিলা সম্পাদিকা	৮,০০০/-
৭.	ধর্ম বিষয়ক সম্পাদক	৮,০০০/-
৮.	কোষাধ্যক্ষ	৮,০০০/-
৯.	নির্বাহী সদস্য/সদস্যা (প্রতিজন)	৫,০০০/-

- ০৪। মনোনয়ন পত্র আগামী ১৪.১২.২০২৩ খ্রিঃ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে প্রধান নির্বাচন কমিশনার জনাব মোঃ মোয়াজ্জেম হোসাইন, স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ এর দপ্তরে দাখিল করতে হবে।
- ০৫। আগামী ১৭.১২.২০২৩খ্রিঃ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় প্রতিদ্বন্দ্বিতাকারীগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) মনোনয়ন পত্র বাছাই করা হবে এবং খসড়া প্রার্থীর তালিকা প্রকাশ করা হবে।
- ০৬। আগামী ১৯.১২.২০২৩খ্রিঃ তারিখ মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাবে এবং ১৯.১২.২০২৩খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় বিভিন্ন পদে প্রতিদ্বন্দ্বিতাকারীদের নাম চূড়ান্তভাবে ঘোষণা করা হবে এবং প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের উপস্থিতিতে আগামী ২১.১২.২০২৩খ্রিঃ তারিখ সকাল ১১.৩০ ঘটিকার সময় প্রতীক (মার্ক) বরাদ্দ প্রদান করা হবে।
- ০৭। প্রতীক বরাদ্দের পূর্বে কোন প্রত্যক্ষ প্রচারণা চালানো যাবে না। নির্বাচনী প্রচারে কোন পোস্টার, ফেস্টুন, ব্যানার ইত্যাদি ছাপানো বা টাঙ্গানো যাবে না। প্রচারে সাদা-কালো ছাপানো A4 সাইজের লিফলেট বিতরণ করা যেতে পারে। প্রতীক বরাদ্দের পূর্বে নির্বাচন কমিশন একটি নির্বাচন আচরণ বিধি প্রস্তুত করবে।
- ০৮। আগামী ২৭.১১.২০২৩খ্রিঃ তারিখের মধ্যে প্রত্যেক সদস্য/সদস্যা-কে বকেয়া চাঁদা পরিশোধ করে ট্রাস্টের নিয়মিত সদস্য/সদস্যা তালিকাভুক্ত হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো অন্যথায় ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না এবং তাহার সাধারণ সদস্য পদ বিলুপ্ত হবে এবং তিনি সুপ্রীম কোর্ট কল্যাণ ট্রাস্টের সকল সুযোগ-সুবিধা হতে বঞ্চিত হবেন।
- ০৯। প্রত্যেক ভোটারের ভোট প্রদানের জন্য অফিসের আইডি কার্ড প্রদর্শন করতে হবে।
- ১০। যে সকল কর্মকর্তা-কর্মচারী দুর্নীতির দায়ে অভিযুক্ত তারা উক্ত নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।
- ১১। আগামী ২৮.১২.২০২৩খ্রিঃ তারিখ সকাল ৯.৩০ ঘটিকা হইতে বিকাল ৫.০০ ঘটিকা বিরতিহীন ভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

২১.১১.২০২৩

(মোঃ মোয়াজ্জেম হোসাইন)  
স্পেশাল অফিসার

ও

প্রধান নির্বাচন কমিশনার  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী  
কল্যাণ ট্রাস্ট নির্বাচন-২০২৩